দৈনিক ইত্তেফাক

14

তারিখ ... 16 JUN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

৩

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাজেট প্রায় ৩৩ কোটি টাকা

।। রেজানুর রহমান ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-৯১ শিক্ষাবর্ষে ৩২ কোটি ৯৪ লক্ষ

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

৪২ হাজার ১৪৪ টাকার খসড়া বাজেট প্রণয়ন করা হইয়াছে। একটি সূত্র জানায়, এই বাজেটের শতকরা ৮৬ দশমিক ২১ ভাগ অর্থাৎ ২৬ কোটি ৬০ লক্ষ টাকা সরকার হইতে এবং ৪ কোটি ২৫ লক্ষ ৫১ হাজার (শতকরা ১৩ দশমিক ৭৯) টাকা বিশ্ববিদালয়ের নিজস্ব আয় হইতে পাওয়া যাইবে এই বাজেটে ঘাটতির পরিমাণ ধরা হইয়াছে ২ কোটি ৯২ লক্ষ ৬১ হাজার ৯ শত ৩৩ টাকা। এই বাজেটে ব্যয় বৃদ্ধি ধরা হইয়াছে ৩ দশমিক ১৫। চলতি বছরে ব্যয় বৃদ্ধির পরিমাণ ছিল ৯ দশমিক ৭১। জানা যায় চলতি মাসের শেষ সপ্তাহে সিনেটের অধিবেশনে এই বাজেট পেশ করা হইবে।

১৯৮৯-৯০ শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাজেট ধরা হইয়াছিল সাড়ে ৩৪ কোটি টাকা। এই শিক্ষাবর্ষে সরকার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের আয়ের পরিমাণ ছিল ৩০ কোটি ৩৩ লক্ষ ৮১ হাজার টাকা। ৯০-৯১ শিক্ষাবর্ষে এই সংখ্যায় ৪ কোটি হ্রাস পাইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী বাজেটে শিক্ষকদের বেতন বাবদ ব্যয় ধরা হইয়াছে ৮ কোটি ৪১ লক্ষ ২ হাজার ৬ শত ৭৪ টাকা। (শতকরা হার ২৫ দশমিক ৫২) চলতি বছরে ইহার পরিমাণ ছিল ৭ কোটি ৯৫ লক্ষ ৯৮ হাজার ৬ শত ৯৯ টাকা।

আগামী বাজেটে পরীক্ষা বাবদ ব্যয় ধরা হইয়াছে ২ কোটি ২৪ লক্ষ ৭৬ হাজার টাকা। (শতকরা হার ৬ দশমিক ৮২) চলতি বছরে ইহার পরিমাণ ছিল ২ কোটি ২৪ লক্ষ ৮০ হাজার ৪ শত টাকা।

আগামী বাজেটে কর্মচারীদের ভবন নির্মাণের জন্য ১ কোটি ৪৫ লক্ষ ৭৫ হাজার টাকা, ট্যাক্স, প্রভিডেন্ট ফাণ্ড, পেনশন ফাণ্ড, বিভাগীয়/হল/ইনসঃ ও অন্যান্য দপ্তরের ব্যয় বাবদ ৮ কোটি ৪৭ লক্ষ ৭ হাজার ২ শত ১ টাকা, প্রশাসনিক কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ ২ কোটি ৯৮ লক্ষ ৯৬ হাজার ৯ শত ৪৬ টাকা, গবেষণা বাবদ ৭১ লক্ষ ৭৫ হাজার টাকা, ছাত্রবৃত্তি বাবদ ২১ লক্ষ ৩৭ হাজার ৮ শত টাকা, কেন্দ্রীয় লাইব্রেরীর বইপত্র মাসিকী ক্রয়, কর্মচারীদের বেতন, বিভিন্ন বিভাগ, ইনসঃ ও হলের বইপত্র ক্রয় বাবদ ৭৪ লক্ষ ৯৬ হাজার টাকা, প্রাকটিক্যাল টিচিং বাবদ ৬০ লক্ষ ৩৬ হাজার ৫ শত ৬০ টাকা, শিক্ষার মান উন্নয়ন বাবদ ৩৫ লক্ষ টাকা, প্রাকটিক্যাল ট্রেনিং বাবদ ১২ লক্ষ ১৭ হাজার টাকা, খেলাধূলা (কর্মচারীদের বেতনসহ) বাবদ ৭ লক্ষ ৮০ হাজার টাকা, চিকিৎসা বাবদ ২৫ লক্ষ ১৫ হাজার টাকা, আসবাবপত্র ক্রয় বাবদ ৪৪ লক্ষ ৩৫ হাজার টাকা, স্টেশনারী দ্রব্য বাবদ ১৬ লক্ষ টাকা, বিভাগ, হল, ইনসঃ শরীর চর্চা, মেডিকেল সেন্টার প্রেস ও পাবলিকেশন, ছাত্র-শিক্ষক কেন্দ্রের কর্মচারীদের বেতন বাবদ ৫ কোটি ৬৭ লক্ষ ৯১ হাজার ৯ শত ৬৩ টাকা বরাদ্দ ধরা হইয়াছে।